



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২১ আগস্ট ২০১৭

বিবৃতি

মহালছড়িতে “অস্ত্র ও গুলি উদ্ধার” মিথ্যা, বানোয়াট ও সাজানো

খাগড়াছড়ি জেলার মহালছড়ি উপজেলাধীন লেমুছড়িতে সেনাবাহিনী ও ইউপিডিএফ-এর মধ্যে “বন্দুক যুদ্ধ এবং অস্ত্র উদ্ধার” সংক্রান্ত খবর বিভিন্ন অনলাইন ও ইলেক্টনিক্স মিডিয়ায় সেনাবাহিনীকে উদ্ধৃতি দিয়ে প্রচারিত হয়েছে, যা নির্জলা মিথ্যা, বানোয়াট, সাজানো ও কল্পনাপ্রসূত বলে জানিয়েছে ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)।

সংবাদ মাধ্যমে প্রেরিত এক বিবৃতিতে ইউপিডিএফ-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক সচিব চাকমা বলেন, মহালছড়ির লেমুছড়িতে আজ সোমবার ভোররাতে ইউপিডিএফ-এর সাথে সেনাবাহিনীর কথিত বন্দুক যুদ্ধ ও অস্ত্র উদ্ধারের খবরটি পাগলের প্রলাপ ছাড়া কিছুই নয়। এ ধরনের কোন ঘটনাই সেখানে ঘটেনি।

তিনি বলেন উক্ত মিথ্যা ও সাজানো ঘটনার মাধ্যমে এটাই প্রমাণ হয়েছে যে, পার্বত্য চট্টগ্রামে নিয়োজিত সেনাবাহিনীর কয়েমী স্বার্থবাদী অংশটি দারুণ মানসিক ভারসাম্যহীনতায় ভুগছে। প্রমোশনের আশায় তারা নানা কিসিমের মিথ্যা নাটক সাজানোর অপচেষ্টা চালাচ্ছে।

বিবৃতিতে সচিব চাকমা আরো বলেন, “বন্দুক যুদ্ধ ও অস্ত্র উদ্ধার” নামের এসব নাটক ইউপিডিএফ-এর বিরুদ্ধে বিগত দেড়যুগ ধরে চলে আসা শাসকগোষ্ঠীর ষড়যন্ত্রেরই ধারাবাহিক অংশ। তিনি সত্য-মিথ্যা যাচাই না করে এ ধরনের মিথ্যা ও বানোয়াট খবরের পিছনে দৌঁড় না দিতে সকল মিডিয়ার প্রতি আহ্বান জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরনচাকমা

প্রচার ও প্রকাশনাবিভাগ

ইউপিডিএফ।